

# নয়া দিগন্ত

শুক্রবার ৩১ জানুয়ারি ২০২৫, ১৭ মাঘ ১৪৩১  
digantasahitto@gmail.com



এনএসইউর সম্মাননা স্মারক নিচ্ছেন অধ্যাপক মাহমুদ কোরেশী ■ নয়া দিগন্ত

## মাহমুদ কোরেশীকে এনএসইউতে অধ্যাপক সম্মাননা

বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক অধ্যাপক মাহমুদ শাহ কোরেশীর অবদানকে সম্মান জানাতে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) লাইব্রেরি গত বুধবার একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে।

এনএসইউ'র ভিসি অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী, কোষাধ্যক্ষ ও প্রো-ভিসি (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান, ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক এবং প্রশাসনিক কর্মকর্তারা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে অধ্যাপক কোরেশীর অমূল্য অবদানের জন্য প্রশংসা করা হয় এবং সেই সাথে বিশ্ববিদ্যালয় নেতৃত্বকে তাদের উৎসাহের ৪র্থ পৃ: ৫-এর কলামে

### ৩য় পৃষ্ঠার পর

জন্য ধন্যবাদ জানানো হয়। এনএসইউ লাইব্রেরি টিম একাডেমিক সমৃদ্ধিতে অধ্যাপক কোরেশীর পুস্তক উৎসর্গের জন্য অংশগ্রহণকারীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে।

অধ্যাপক মাহমুদ শাহ কোরেশীর অনুদান বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারের সংগ্রহশালাকে উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে তোলে যা শিক্ষার্থী, গবেষক এবং শিক্ষকদের উপকৃত করবে।

এই উদ্যোগটি কেবল বিশ্ববিদ্যালয়ের জ্ঞানের ভাণ্ডারকে শক্তিশালী করে না বরং একাডেমিক সম্প্রদায়ের ভবিষ্যতে অবদানের জন্য অনুপ্রেরণা হিসেবেও কাজ করে। ইতিহাস ও দর্শন বিভাগ এবং নর্থ সাউথ ইউনিভার্সিটি সেন্ট্রাল লাইব্রেরি যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। বিজ্ঞপ্তি।